যুগান্তর

তারিখ ... 5 APR 2012 ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৫ ...

নোবিপ্রবিতে চিকিৎসকের ওপর হামলা

বিচারের দাবিতে ভিসি ভবনে তালা দিয়ে অবস্থান ধর্মঘট : কর্মবিরতি

নোয়াখালী প্রতিনিধি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের হামলায় আহত হয়েছেন মেডিকেল অফিসার। এ ঘটনার প্রতিবাদে বুধবার সকাল ১১টায় ভিসি রেজিস্ট্রার ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেয় কর্মকর্তারা। পাশাপাশি তারা প্রফেসর একেএম ফাইজুল হক চৌধুরীর নিয়োগ বাণিজ্য বন্ধ, কর্মকর্তা-কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি ও কর্মকর্তাদের নিরাপত্তার দাবিতে লাগাতার কর্মবিরতি ঘোষণা করে। জানা যায়, গত নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা, ও কর্মচারী নিয়োগ করা হচ্ছে। ওইসব নিয়োগে ভিসির বিরুদ্ধে লাখ লাখ টাকার নিয়োগ বাণিজ্যের অভিযোগ উঠেছে। এ ব্যাপারে ১ সপ্তাহ ধরে বিশ্ববিদ্যালয়, সোনাপুর ও মাইজদী বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয়ের অজ্ঞাত নামে লিফলেট প্রচার করা হয়। এই লিফলেটের ব্যাপারটি ভিসি একেএম শাইদুর রহমান চৌধুরীসহ তার আত্মীয়স্বজন চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কাছে জানাজানি হয়ে যায়। বুধবার সকাল ১১টায় ভিসির সমর্থক কুকার আবদুল্যাহ ও আলমগীর বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য বিভাগে আসে। রোগীদের লাইন ওভারটেক করে কুকার আবদুল্যাহ ও আলমগীর ডাক্তার আরাফাত রহমানের সঙ্গে কথা কাটাকাটিতে লিপ্ত হয়। এক পর্যায় কুকার আবদুল্যাহ ও আলমগীর উত্তেজিত হয়ে ভিসির বিরুদ্ধে লিফলেট প্রচারের অভিযোগে ডাক্তার আরাফাত রহমানকে শারীরিক লাঞ্ছিত করে। ডাক্তার আরাফাত রহমানকে উদ্ধার করতে নিরাপত্তা কর্মকর্তা আবদুল কাদের এগিয়ে এলে তাকেও শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়। এই সংবাদ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জানাজানি হলে মুহূর্তের মধ্যে কর্মকর্তা-কর্মচারীরা ওই ২ কর্মচারীর বিচার, ৩৮ জন কর্মকর্তা-কর্মচারীর চাকরি স্থায়ীকরণ ও পদোন্নতির দাবিতে ভিসি, রেজিস্ট্রারসহ প্রশাসনিক ভবনের প্রধান গেটে তালা ঝুলিয়ে ৪ ঘণ্টা অবস্থান ধর্মঘট করে। একই সঙ্গে ওই দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীরা লাগাতার কর্মবিরতি পালনের ঘোষণা দেন। রেজিস্ট্রার মোমিনুল হক ঘটনার সত্যতা স্বীকার করে যুগান্তরকে জানান, তুচ্ছ ঘটনার জের ধরে দুই কর্মচারী মেডিকেল অফিসার ও নিরাপত্তা কর্মকর্তাকে লাঞ্ছিত করেছে। এ নিয়ে ভিসিসহ আমরা মিটিংয়ে বসেছি।